# বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

প্লট # ই/৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.btrc.gov.bd

স্মারক নং-বিটিআরসি/প্রশাঃ বিভাগীয় মামলা-২৫/২০২৪.১৪৭৬

তারিখ ঃ ২৬ কার্তিক ১৪৩২বঃ
১১ নভেম্বর ২০২৫খ্রিঃ

## অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ আমজাদ হোসেন, উপ-পরিচালক, বর্তমানে সাময়িক বরখাস্তকৃত, প্রশাসন বিভাগের উপ-পরিচালক ও চেয়ারম্যান এর একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব) পদে কর্মরত থাকাকালীন বিভিন্ন দুর্নীতিমূলক কর্মকান্ডের কারণে দৈনিক প্রথম আলো, টেকশহর, রাইজিং বিডি এবং আজ সারাবেলাসহ বিভিন্ন জাতীয় দৈনিক ও অনলাইন পত্রিকায় বিটিআরসি'তে অসাধু সিন্ডিকেটে জড়িত থাকার খবর প্রকাশিত হওয়ায় ও কমিশনের বিভিন্ন পর্যায়ে কর্মকর্তা/কর্মচারীগণ তার দ্বারা নিপীড়ন ও নিষ্পেষণের শিকার হওয়াসহ চাকুরিতে বিভিন্ন বৈষম্যের শিকার হয়েছে মর্মে গত ১১ আগস্ট ২০২৪ তারিখে চেয়ারম্যান, বিটিআরসি বরাবরে দাখিলকৃত অভিযোগসমূহের পরিপ্রেক্ষিতে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৩(খ)(ঘ)(ই) ও বিধি-১২(১) এবং বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০২২ এর প্রবিধান-৪৮ ও ৫৪ মোতাবেক কমিশনের গত ১১ আগস্ট ২০২৪ তারিখের ১০৮৬ নম্বর স্মারকমূলে তাকে সাময়িক বরখাস্ত করা হয়; এবং

২। যেহেতু, জনাব মোঃ আমজাদ হোসেন (বর্তমানে সাময়িক বরখাস্তকৃত) এর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি-২(খ), ৩(খ), (ঘ)(অ)(আ)(ই) এবং বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০২২ এর প্রবিধান-৪৮(খ)(ঙ)(চ)(ছ) অনুযায়ী অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে তাকে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয় এবং আত্মপক্ষ সমর্থনে তিনি ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশনা প্রদান করা হয়; এবং

৩। যেহেতু, জনাব মোঃ আমজাদ হোসেন অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর পরিপ্রেক্ষিতে লিখিত জবাব দাখিল করেন এবং লিখিত জবাব এর প্রেক্ষিতে গত ০৭/০১/২০২৫ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়েছে। কর্তৃপক্ষ কর্তৃক ব্যক্তিগত শুনানী গ্রহণপূর্বক অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ সমূহের অধিকতর তদন্তের লক্ষ্যে ০৩(তিন) সদস্য বিশিষ্ট তদন্ত বোর্ড গঠন করা হয়; এবং

৪। যেহেতু, তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ আমজাদ হোসেন এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি-২(খ), ৩(খ)(ঘ)(অ)(আ)(ই) এবং বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০২২ এর ২(১) এবং প্রবিধান-৪৮(খ)(ঙ)(চ)(ছ) অনুযায়ী 'অসদাচরণ ও দুর্নীতি'র অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করে; এবং

৫। যেহেতু অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর জবাব, তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি-২(খ), ৩(খ)(ঘ)(অ)(আ)(ই) এবং বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০২২ এর ২(১) এবং প্রবিধান-৪৮(খ)(ঙ)(চ)(ছ) অনুযায়ী 'অসদাচরণ ও দুর্নীতি'র অভিযোগ প্রমাণিত হওয়ায় কমিশনের গত ২৭ আগষ্ট, ২০২৫ তারিখে অনুষ্ঠিত ২৯৮তম কমিশন সভায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৪(৩)(ঘ) ও বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০২২ এর প্রবিধান-৪৯(১)(খ)(উ) মোতাবেক 'চাকরি হতে বরখাস্ত' সূচক গুরুদন্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং সে পরিপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি-৭(৯) এবং বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (কর্মচারী) চাকরি প্রবিধানমালা ২০২২ এর প্রবিধান-৫২(৬) অনুযায়ী কেন তাকে 'চাকরি হতে বরখাস্ত' সূচক গুরুদন্ড প্রদান করা হবে না সে মর্মে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করে ০৭(সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের নির্দেশ দেয়া হয়; এবং

৬। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ২৩/০৯/২০২৫ তারিখে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন। জনাব মোঃ আমজাদ হোসেন (সাময়িক বরখাস্তকৃত), উপ-পরিচালক কর্তৃক দাখিলকৃত দ্বিতীয় কারণ দর্শানোর জবাব ৩০০তম কমিশন সভায় উপস্থাপন করা হলে কমিশন কর্তৃক সন্তোষজনক বিবেচিত না হওয়ায় এবং তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগের জন্য গঠিত তদন্ত কমিটির মতামত ও সুপারিশে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণ এবং বিধি ৩ (ঘ) অনুযায়ী দুর্নীতির অভিযোগ ও বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০২২ এর প্রবিধান-৪৮(ক) ও (খ) অনুযায়ী অসদাচরণ এবং প্রবিধান-৪৮ (ঙ), (চ) ও (ছ) অনুযায়ী দুর্নীতির অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩) (ঘ) ও বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০২২ এর প্রবিধান-৪৯(১)(খ) (উ) অনুযায়ী 'চাকরি হতে বরখাস্ত' সূচক গুরুদন্ড প্রদানের লক্ষ্যে গৃহীত ২৯৮তম কমিশন সভার সিদ্ধান্ত বহাল রাখা হয়; এবং

৭। যেহেতু, জনাব মোঃ আমজাদ হোসেন, উপ-পরিচালক (সাময়িক বরখাস্তকৃত), বিটিআরসি কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩) (ঘ) ও বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০২২ এর প্রবিধান-৪৯(১)(খ) (উ) অনুযায়ী 'চাকরি হতে বরখাস্ত' সূচক গুরুদন্ড প্রদানের বিষয়টি কমিশন সভায় সদয় অনুমোদিত হয়েছে;

৮। সেহেতু, জনাব মোঃ আমজাদ হোসেন, উপ-পরিচালক (সাময়িক বরখাস্তকৃত), বিটিআরসি এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণ এবং বিধি ৩(ঘ) অনুযায়ী দুর্নীতির অভিযোগ ও বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০২২ এর প্রবিধান-৪৮(ক) ও (খ) অনুযায়ী অসদাচরণ এবং প্রবিধান-৪৮ (ঙ), (চ) ও (ছ) অনুযায়ী দুর্নীতির অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) ও বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০২২ এর প্রবিধান-৪৯(১)(খ)(উ) অনুযায়ী 'চাকরি হতে বরখাস্ত' সূচক গুরুদন্ড প্রদান করা হলো।

৯। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

০৯/১১/২৫

(মেজর জেনারেল মোঃ এমদাদ উল বারী)
ওএসপি, এনডিসি, পিএসসি, টিই (অবঃ)
চেয়ারম্যান, বিটিআরসি।

<u>অনুলিপি-সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ</u>

১। মহাপরিচালক (সকল), বিটিআরসি।
২। পরিচালক (অর্থ, হিসাব ও রাজস্ব), বিটিআরসি।
৩। জনাব মোঃ আমজাদ হোসেন, পিতাঃ আব্দুস সালাম, মাতাঃ মমতাজ নাহার, ৬০, মধ্য লাকসাম, ডাকঘরঃ লাকসাম, থানাঃ লাকসাম, জেলাঃ কুমিল্লা।
৪। জনাব মোঃ আমজাদ হোসেন, ৫৩/এ, হোসনী দালান (২য় তলা), বকশি বাজার, ঢাকা-১২১১।
৫। উপ-পরিচালক (অফিস ব্যবস্থাপনা, আইটি, সিকিউরিটি ও প্রটোকল), বিটিআরসি (কমিশনের ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধ করা হলো)।
৬। ভাইস চেয়ারম্যান ও কমিশনার (সকল) এর ব্যক্তিগত কর্মকর্তাবৃন্দ, বিটিআরসি (ইহা ভাইস চেয়ারম্যান ও কমিশনারগণের সদয় অবগতির জন্য)
৭। ব্যক্তিগত নথি।
৮। অফিস কপি।